# ইসরায়েলের সামরিক স্থাপনায় হামলার দাবি হুতিদের



ইসরায়েলে হুতিদের মিসাইল নিক্ষেপ। ছবি: সংগৃহীত

ইসরায়েলের দক্ষিণাঞ্চলের বিভিন্ন এলাকায় দ্বিতীয় দফা হামলা চালানোর দাবি জানিয়েছে ইয়েমেনের হুতি বিদ্রোহীরা। রোববার (২৯ মার্চ) প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানায় BBC News।

হুতিদের সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারি বলেন, ইসরায়েলের একাধিক গুরুত্বপূর্ণ সামরিক স্থাপনাকে লক্ষ্য করে ক্রুজ ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালানো হয়েছে। শনিবার (২৮ মার্চ) হামলার মাধ্যমে ইরান-সমর্থিত এই গোষ্ঠী মধ্যপ্রাচ্যের চলমান সংঘাতে আনুষ্ঠানিকভাবে নিজেদের সম্পৃক্ততা ঘোষণা করে।

যুক্তরাষ্ট্র, ইরান ও ইসরায়েলের মধ্যে চার সপ্তাহ আগে শুরু হওয়া উত্তেজনার পর এই প্রথম ইয়েমেন থেকে ক্ষেপণাস্ত্র ছোড়ার ঘটনা শনাক্ত করেছে ইসরায়েল। এতে করে সংঘাতের ভৌগোলিক পরিসর আরও বিস্তৃত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে।

এর আগে হুতি গোষ্ঠীর এক কর্মকর্তা CNN-কে জানান, যুক্তরাষ্ট্র ও ইসরায়েল হামলা জোরদার করলে তারা ইরানের পক্ষে সরাসরি যুদ্ধে অংশ নিতে প্রস্তুত। সেই সতর্কতার পরপরই নতুন এই হামলার দাবি সামনে এলো।

LENS ASIA